ISO 9001:2015 Certified

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম

Email: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০৩৮.২৪. ৯১১২

তারিখঃ ০৪ বৈশাখ, ১৪৩১ ব.
১৭ এপ্রিল, ২০২৪ খ্রি.

দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়ঃ অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে "পুরাতন (ব্যবহার অযোগ্য) ট্রান্সফরমার তৈল রিফাইন" করার দরপত্র বিজ্ঞপ্তি।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিম্নোক্ত বিবরণ ও শর্ত মোতাবেক "পুরাতন (ব্যবহার অযোগ্য) ট্রান্সফরমার তৈল রিফাইন" করার নিমিত্ত অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী /প্রস্তুতকারী/সরবারহকারী প্রতিষ্ঠান হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	পুরাতন (ব্যবহার অযোগ্য) ট্রান্সফরমার তৈল রিফাইন	৪০ ব্যারেল **(২০৫x৪০=৮,২০০ লিটার)**		
	কথায়ঃ (.....)	সর্বমোট		

শর্তাবলী ঃ

০১। আগ্রহী দরদাতাকে আগামী ২৫/০৪/২০২৪ খ্রি.তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দ.অ.) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ২৫/০৪/২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০২। দরপত্রের সাথে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ ও ব্যাংক সলভেন্সী সনদ-এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৩। খামের উপর **"পুরাতন (ব্যবহার অযোগ্য) ট্রান্সফরমার তৈল রিফাইন" দরপত্র** কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৪। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচিত হবে।

০৫। প্রদত্ত ৪০ব্যারেল অর্থাৎ (৪০x২০৫ লিঃ) = ৮,২০০ লিটার অয়েল হতে কমপক্ষে ৭৫% হতে ৮০% রিফাইনকৃত তেল ফেরত দিতে হবে।

০৬। প্রতিটি ব্যারেল (২০৫ লিঃ) ময়লা ও গাঁদযুক্ত তৈল থাকবে।

০৭। পুরাতন (ব্যবহার অযোগ্য) ট্রান্সফরমার তৈল সমিতির ইস্যু ভাউচারের মাধ্যমে কোম্পানীর নিজ খরচে পরিবহণ, লোডিং, আনলোডিং করে তৈল নিতে হবে এবং রিফাইন শেষে তৈল ফেরত প্রদান করতে হবে।

০৮। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (BERC) এর লাইসেন্স/অনুমোদন এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC) এর সহিত চুক্তি থাকতে হবে।

০৯। পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র থাকতে হবে।

১০। রিফাইনকৃত তৈলের পরিমাণ প্রাথমিক রাসায়নিক পরীক্ষা নির্ধারণ হওয়ার ক্ষেত্রে তৈলের ইনভেন্টরীতে সমিতি কর্তৃক প্রেরিত প্রতিনিধি এবং কোম্পানির প্রতিনিধি স্বাক্ষর করবেন।

১১। তৈলের কেমিক্যাল ট্রিটমেন্ট ও রিফাইন কার্যাদি সম্পাদন পূর্বক পবিসে ডেলিভারী দেওয়ার ব্যবস্থা নিতে হবে। তৎপূর্বে রিফাইনকৃত তৈল পবিসের প্রতিনিধি এবং সিস্টেম অপারেশন প্রতিনিধির উপস্থিতিতে টেস্ট করার বিষয়ে লিখিতভাবে কমপক্ষে ০২ (দুই) দিন পূর্বে অবহিত করতে হবে।

১২। পবিস কর্তৃক প্রদানকৃত পুরাতন ব্যারেল পরিবর্তন করে নতুন ব্যারেল সরবরাহ করতে হবে। এক্ষেত্রে প্রতি পুরাতন ড্রাম ৩০০/- (তিনশত) টাকা হারে সমিতিকে প্রদান করতে হবে এবং নতুন সরবরাহকৃত ড্রামের মূল্য পবিস কর্তৃক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করবে।

১৩। অত্র পবিসের এজিএম (ইএন্ডসি) অথবা দায়িত্বপ্রাপ্ত জুনিয়র ইঞ্জিনিয়ার-এর উপস্থিতিতে পুরাতন তৈল গ্রহণ এবং রিফাইনকৃত তৈল বুঝিয়ে দিতে হবে।

১৪। সমিতি কর্তৃক সরবরাহকৃত ড্রাম পরিবর্তন করে নতুন পরিষ্কার ড্রাম সমূহের রিফাইন করা তৈল ফেরত প্রদান করতে হবে। নতুন ড্রাম এর মূল্য হতে পুরাতন ড্রামের মূল্য সমন্বয় করতে হবে।

১৫। দরপত্র সম্পর্কে কারও কোনো জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে, তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে উপর্যুক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।

১৬। দুই বা ততোধিক প্রতিষ্ঠানের দাখিলকৃত দর সমান হলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮-এর ৯৮ নং অনুচ্ছেদের ৩১ ও ৩২ ধারা অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।

১৭। সন্তোষজনকভাবে মালামাল বুঝিয়ে দেওয়া/নেওয়ার পর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৮। কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃক সংরক্ষিত। শর্তাবলীতে উল্লেখ নেই এমন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

17/4/24

(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো,চট্টগ্রাম।

০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।

০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো,ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুন্ড/ মীরসরাই/ হাটহাজারী/ চট্টগ্রাম।

০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত বিভাগ, চট্টগ্রাম।

০৮। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম (উত্তর)।

০৯। ডিজিএম-বারৈয়ারহাট/হাটহাজারী/মীরসরাই, সদর দপ্তর, চপবিস-৩।

১০। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম।

১১। এজিএম সকল (ইএন্ডসি/ ওএন্ডএম/ অর্থ-হিসাব), চপবিস-৩।

১২। এজিএম (আইটি),চপবিস-৩। (পবিসের ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করবেন এবং প্রমাণক সংরক্ষণ করবেন)।

১৩। মেসার্স .....।

১৪। নোটিশ বোর্ড, চপবিস-৩।

১৫। পিবিএস/আরইবি ওয়েবসাইট।

১৬। অফিস কপি/মাস্টার কপি।

(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার